যুগান্তর

তারিখ 25 SEP 2012
পৃষ্ঠা ... কলাম ...

শাবি ভিসি এক ঘণ্টা অবরুদ্ধ

ইংরেজি বিভাগের প্রধানের অপসারণ দাবিতে বিক্ষোভ

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রধানের পদ থেকে তাৎক্ষণিক শিক্ষক আতি উল্লাহর অপসারণের দাবিতে শিক্ষার্থীরা সোমবার ভারপ্রাপ্ত ভিসিকে এক ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। এর আগে দুপুর ১২টায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করা হয়। দাবি আদায় না হওয়ায় তিন সপ্তাহ ধরে বিভাগে অচলাবস্থা বিরাজ করছে। জানা যায়, ২ সেপ্টেম্বর থেকে বিভাগীয় প্রধান আতি উল্লাহর বিরুদ্ধে সেমিস্টারের ক্লাস ও পরীক্ষা পেছানো, ফলাফল প্রকাশে গাফিলতি, স্বেচ্ছাচারিতা, স্বজনপ্রীতি, দুর্ব্যবহার, আত্মসাৎসহ নানা অভিযোগ এনে অপসারণের দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন করে আসছে। সোমবার তারা আতি উল্লাহর বিভাগীয় প্রধানের পদ থেকে আজীবনের জন্য অপসারণের দাবিতে ১২টায় বিভাগ থেকে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে ভারপ্রাপ্ত ভিসি ইলিয়াস উদ্দিন বিশ্বাসকে ঘণ্টাব্যাপী অবরুদ্ধ করে রাখে। এসময় বিশ্ববিদ্যালয় ছাত্রকল্যাণ উপদেষ্টা ও প্রক্টর উদ্ভূত পরিস্থিতি নিয়ে ভিসির সঙ্গে বৈঠক করেন। প্রক্টর হিমাদ্রি শেখর রায় আন্দোলনরত শিক্ষার্থীদের বৈঠকে ডাকেন। বৈঠকে শিক্ষার্থীরা আতি উল্লাহর অপসারণের দাবি জানালে ভিসি একদিনের সময় নেন। আজ ১২টায় ভিসি কার্যালয়ে শিক্ষকদের নিয়ে সভা ডাকা হয়েছে। শাবির দায়িত্বপ্রাপ্ত ভিসি প্রফেসর ইলিয়াস উদ্দিন বিশ্বাস জানান, যে কেউ অপসারণের দাবি জানালেই অপসারণ করা যাবে না। বিশ্ববিদ্যালয় প্রশাসন অপসারণের যৌক্তিক কোন কারণ খুঁজে পায়নি। এদিকে বিভাগের অধিকাংশ শিক্ষক বিভাগীয় প্রধানের অপসারণের দাবি জানিয়ে ক্লাস পরীক্ষা বর্জন করে। গত সপ্তাহে শিক্ষক সমিতি ইংরেজি বিভাগের সমস্যা নিরসনের চারটি শর্ত দিয়ে শিক্ষকদের ক্লাস পরীক্ষা চালু রাখার নির্দেশ দেয়। শর্তগুলো হল পত্রিকায় প্রকাশিত বিবৃতি প্রত্যাহার, নতুন করে বিবৃতি প্রদানে বিরত থাকা, শিক্ষকদের মাঝে দলাদলি না করা এবং অন্য বিভাগের প্রফেসর দিয়ে বিভাগ মনিটরিং করা। শিক্ষকরা এসব শর্তের অধিকাংশই পূরণ করেনি।